লেন্স এশিয়া

৬ ফেব্রুয়ারি, ২০২৬

# শাহবাগে ফের পুলিশ-ইনকিলাব মঞ্চের নেতাকর্মীদের সংঘর্ষ



শাহবাগ পুলিশ-ইনকিলাব মঞ্চ সংঘর্ষ। ছবি: সংগৃহীত

রাজধানীর শাহবাগ এলাকায় পুলিশ ও ইনকিলাব মঞ্চের কর্মীদের মধ্যে আবারও সংঘর্ষের পরিস্থিতি তৈরি হয়। ভিড় নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ব্যবহার করে।

শুক্রবার (৬ ফেব্রুয়ারি) সন্ধ্যার দিকে শাহবাগ মোড়ে অবস্থান নিয়ে শহিদ শরিফ ওসমান হাদির হত্যার বিচার দাবিতে কর্মসূচি চলছিল। সড়ক ছাড়ার নির্দেশকে কেন্দ্র করে বাকবিতণ্ডা বাড়তে থাকলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে পুলিশ লাঠিচার্জ করে এবং জমায়েত ছত্রভঙ্গ করতে টিয়ারশেল নিক্ষেপ করে। এতে কয়েকজন আন্দোলনকারী আহত হয়েছেন বলে জানা গেছে।

এর আগে একই দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার দিকে যাওয়ার পথে পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে ইনকিলাব মঞ্চের সদস্যসচিব আব্দুল্লাহ আল জাবের, রাকসুর জিএস আম্মারসহ আরও কয়েকজন আহত হন।

হাদি হত্যার তদন্ত জাতিসংঘের তত্ত্বাবধানে নেওয়ার দাবি নিয়ে সরকার জানিয়েছে, বিষয়টির আইনি দিক খতিয়ে দেখা হচ্ছে। এ সংক্রান্ত একটি আনুষ্ঠানিক চিঠি আগামী রোববার (৮ ফেব্রুয়ারি) জাতিসংঘের সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হতে পারে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA